



পঞ্চগড়ে কৃষকদের মাঝে মাসকালাই বীজ ও সার বিতরণ

মোঃ তোতা মিয়া, পঞ্চগড়

কৃষক বাঁচলে বাঁচবে দেশ শেখ হাসিনার বাংলাদেশ এই স্লোগান সামনে রেখে, আজ ৫ ই সেপ্টেম্বর মঙ্গলবার দুপুর ১ টার সময়, পঞ্চগড় সদর ইউনিয়ন সহ মোট ১০ টি ইউনিয়নে ১১০ জন কৃষকের মাঝে ৫ কেজি করে সুস্বাদু মাসকালাই ডাল বীজ ও ১৫ কেজি করে সার বিনামূল্যে বিতরণ করেছেন পঞ্চগড় সদর উপজেলা কৃষি অফিস। এ সময় কৃষকদের উদ্দেশ্যে পঞ্চগড় সদর উপজেলার সম্মানিত চেয়ারম্যান মোঃ আমিরুল ইসলাম বলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিটি কৃষকের ঘরে ঘরে বীজ এবং সার পৌঁছে দিচ্ছেন আপনারা সহযত্ন সহকারী এসব বীজ জমিতে চাষ করে এলাকার উন্নয়ন করবেন। সার বীজ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চগড় সদর উপজেলা কৃষি অফিসার মোঃ কামাল হোসেন সরকার, উপস্থিত ছিলেন পঞ্চগড় সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ জাকির হোসেন, আরো উপস্থিত ছিলেন পঞ্চগড় সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান নিলুফার ইয়াসমিন, এছাড়াও উপস্থিত ছিলেন ধাক্কামারা ইউনিয়নের বিএস মোঃ গুলজার হোসেন প্রমুখ।